

চবি ভিসির বিরুদ্ধে অনশনে হামলা, ৫ মুক্তিযোদ্ধা আহত

■ চট্টগ্রাম ব্যুরো :

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) উপাচার্য (ভিসি) ড. অনোয়ারুল আজিম আরিফের বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির অভিযোগ এনে মুক্তিযোদ্ধা অধিকার সংরক্ষণ পরিষদ নামে একটি সংগঠন প্রতীকী অনশন কর্মসূচি পালনের সময় হামলার ঘটনা ঘটেছে। হামলায় পাঁচ মুক্তিযোদ্ধা আহত হয়েছেন। শনিবার দুপুরে চট্টগ্রাম প্রেস ক্লাবের সামনে এ ঘটনা ঘটে।

আহতরা হলেন, মুক্তিযোদ্ধা কমান্ডার সুভাষ চৌধুরী, শশাংক বিমল চৌধুরী, নুরুল আলম চৌধুরী, মোহাম্মদ ইদ্রিস ও আহমদুর রহমান। তাদের চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসা দেওয়া হয়। আহত মুক্তিযোদ্ধারা অভিযোগ করেন, উপাচার্যের ভাতিজা ও সাবেক ছাত্রলীগ নেতা রফিউল হায়দার রফি এবং সাতকানিয়া উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার আবু তাহেরের নেতৃত্বে পরিকল্পিতভাবে এ হামলা চালানো হয়।

নগরীর কোতোয়ালি থানার এসআই আমিনুর রসূল জানান, অনশন গুরুতর

আগে সাতকানিয়া থেকে আসা লোকজন ভিসির পক্ষ নিয়ে ইদ্রিসকে চাঁদাবাজ আখ্যায়িত করে তাকে ধাওয়া দেয়। একপর্যায়ে তারা ইদ্রিসসহ তার পক্ষের মুক্তিযোদ্ধাদের যারধর গুরুতর করে। পরে খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছার আগেই পরিস্থিতি স্বাভাবিক হয়ে যায়। আহতরা অভিযোগ করেছেন, রফি হামলা চালিয়েছে। তবে ঘটনাস্থলে গিয়ে তাকে পাওয়া যায়নি। এদিকে গর্তকাল বিকেলে সাতকানিয়া উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের পক্ষে গণমাধ্যমে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে তারা দাবি করেন, শান্তিপূর্ণ মানববন্ধন কর্মসূচি চলাকালে ইদ্রিসের লোকজন মুক্তিযোদ্ধাদের ওপর অতর্কিত হামলা চালায়।